ভোরের কাগজ

তারিখ ... FEB. 25 2000

পৃষ্ঠা ... কলাম ...

92

## এসএসসি পরীক্ষার বিরতি প্রসঙ্গে

আগামী ২ মার্চ ২০০০ থেকে দেশের সবকটি বোর্ডের অধীনে আমাদের জীবনের প্রথম পাবলিক পরীক্ষা—এসএসসি পরীক্ষা আরম্ভ হতে যাচ্ছে। পরীক্ষার সময়সূচিও ঘোষিত হয়েছে। কিন্তু প্রতিদিনই সংবাদপত্র খুললে এ বিষয়ে লেখালেখি নজরে পড়ে। সব লেখাই পরীক্ষার সময়সূচি পরিবর্তন প্রসঙ্গে। ছাত্রছাত্রী, শিক্ষকবৃন্দ ও অভিভাবকবৃন্দ বারবার সংবাদপত্রের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃপক্ষের কাছে পরীক্ষার সময়সূচি পরিবর্তনের দাবি করেছেন। কিন্তু অবাক হয়ে লক্ষ্য করছি, কর্তৃপক্ষ এখন পর্যন্ত কোনো নতুন সিদ্ধান্ত গ্রহণ করেনি।

গত ১৬ ফেব্রুয়ারি ভোরের কাগজ-এর চিঠিপত্র কলামে দেখলাম পরীক্ষার বিরতি প্রসঙ্গে প্রতিবাদ শুরু হয়েছে। তাজমা আহমেদ নামে একজন পরীক্ষার্থী পরীক্ষার সময় পরিবর্তন না করার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ করেছে। এটা মোটেও মঙ্গলজনক নয়। বিশেষ করে আমাদের মতো গ্রামের ছাত্রদের। কারণ আমরা এমনিতেই দুর্বল ছাত্র। পরীক্ষার আগের রাতের প্রস্তুতিই আমাদের প্রধান সহায়ক। তাই দেশের বৃহৎ পাবলিক পরীক্ষা এসএসসি যথাসম্ভব বিরতির মাধ্যমে গ্রহণ করার জন্য কর্তৃপক্ষের কাছে সদয় অনুরোধ জানাচ্ছি।

মোঃ জসীম উদ্দিন
বাগমারা উচ্চবিদ্যালয়
লাকসাম, কুমিল্লা